



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাজেন্দ্রপুর, গাজীপুর।

দরপত্র বিজ্ঞপ্তি

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	কাজের বিবরণ	সিডিউল মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
১	২	৩	৪	৫	৬	৭
W-18-19-77.17-001	ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল	৫০০.০০	৪৫,০০০.০০	১৯/০২/২০১৯ খ্রিঃ তারিখ হতে ১১/০৩/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত।	১২/০৩/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।	১২/০৩/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত।

- ১। দরদাতাগণ অফিস চলাকালীন নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ২। আগ্রহী দরদাতাগণ গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে উপরে বর্ণিত কাজের (২নং কলাম) বিপরীতে পার্শ্ব বর্ণিত (৩নং কলাম) নির্ধারিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সংযুক্ত করতঃ গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, গাজীপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন এবং ৬নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে দরপত্র প্রেরণ/গ্রহণ করা হবে না। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল হিসেবে গণ্য হবে। প্রতিটি দরপত্রের সাথে দরদাতাকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীল ব্যাংক হতে উপরে উল্লেখিত (৪নং কলামে বর্ণিত) পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র ৭নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ৩। সকল দরপত্র দলিলের খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র প্যাকেজ নম্বর ও নাম স্পষ্ট করে লিখতে হবে।
- ৪। দরপত্র দলিলের সাথে প্রতিটি দরপত্র সিডিউলে উল্লেখিত যাবতীয় কাগজপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৫। প্রস্তুতকারী/সরবরাহকারীকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।
- ৬। দরপত্র সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকলে দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ৭। কোন কারণ দর্শানো ক্ষতিবিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ৮। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট: www.pbs2.gazipur.gov.bd এ পাওয়া যাবে।

জেনারেল ম্যানেজার
গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
ফোন : ০২-৯২০১৭৮৩

19/02/19

ফজলে হাবিব রাসেল
এজিএম (প্রশাসন)
গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২